

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ৪, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[মূল্য সংযোজন কর]
আদেশ

তারিখ, ১৭ই শ্রাবণ ১৪০৯/১লা আগস্ট ২০০২

এস, আর, ও নং ২১০-আইন/২০০২/৩৬০-মূসক—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৭) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং মোতাবেক ৬ই জুন, ২০০২ ইং তারিখের আদেশ এস, আর, ও নং ১১৯-আইন/২০০২/৩৪৪-মূসক-এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল—

উপরি-উক্ত আদেশে উল্লিখিত টেবিলের কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) ৮৯.০৮ এবং উহার বিপরীতে কলাম (২), (৩) ও (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"৮৯.০৮	সংশ্লিষ্ট এইচ এস কোড	শীপ জ্যাপ	টঃ ১০০০/- (প্রতি মেঃ টন)"
--------	-------------------------	-----------	------------------------------

২। ইহা ২৩শে জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং মোতাবেক ৬ই জুন, ২০০২ইং তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
মোঃ আতিকুর রহমান খান
প্রথম সচিব
মূসক (নীতি নির্ধারণ ও বাজেট)।

মোঃ সারোয়ারুজ্জামান (সুপঃ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৩৬৪৭)

মূল্যঃ টাকা ১.০০